

দৈনন্দিন জীবনে ইসলাম [যাকাত অধ্যায়]

বিভাগ/অধ্যায়ঃ যাকাত পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ শরীফুল ইসলাম বিন যয়নুল আবেদীন

যাকাতের সম্পদ আতুসাৎকারীর পরিণাম

যাকাতের সম্পদ আত্নসাৎকারী কিয়ামতের দিন তার সেই সম্পদ কাঁধে নিয়ে উপস্থিত হবে। হাদীছে এসেছে, عَنْ عُبَادَةَ أَنَّ رَسُوْلَ اللهِ صلى الله عليه وسلم بَعَثَهُ عَلَى الصَّدَقَةِ فَقَالَ يَا أَبَا الْوَلِيْدِ اتَّقِ لاَ تَأْتِيْ يَوْمَ الْقِيَامَةِ بِبَعِيْرٍ تَحْمِلُهُ لَهُ رُغَاءٌ أَوْ بَقَرَةٍ لَهَا خُوَارٌ أَوْ شَاةٍ لَهَا ثُوَّاجٌ فَقَالَ يَا رَسُوْلَ اللهِ إِنَّ ذَلِكَ لَكَائِنٌ قَالَ إِيْ وَالَّذِيْ نَفْسِيْ بِيَدِهِ إِنَّ ذَلِكَ لَكَذَلِكَ إِلاَّ مَنْ رَحِمَ اللهُ قَالَ فَوَالَّذِيْ بَعَثَكَ بِالْحَقِّ لاَ أَعْمَلُ عَلَى شَيْءٍ أَبَدًا _

উবাদাহ্ ইবনু ছাবেত (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) তাঁকে যাকাত আদায় করার জন্য প্রেরণ করলেন। অতঃপর বললেন, হে আবুল ওয়ালীদ! (যাকাতের সম্পদের ব্যাপারে) আল্লাহকে ভয় কর। কিয়ামতের দিন এমন অবস্থা যেন না আসে যে, তুমি কাঁধের উপর উট বহন করবে যা শব্দ করতে থাকবে অথবা গাভী বহন করবে যা শব্দ করবে অথবা ছাগল বহন করবে যা শব্দ করবে। উবাদাহ্ (রাঃ) বললেন, হে আল্লাহর রাসূল (ছাঃ)! যাকাতের সম্পদ আত্মসাৎ করার জন্য কি এরূপ হবে? তিনি বললেন, সেই সন্তার শপথ! যার হাতে আমার প্রাণ। এটাই হবে পরিণতি। তখন উবাদাহ্ (রাঃ) বললেন, সেই সন্তার শপথ! যিনি আমাকে সত্য সহ প্রেরণ করেছেন। আমি এরূপ যাকাত আদায়ের কাজ কখনো করব না।[1]

অন্য হাদীছে এসেছে,

عَنْ سَعْدِ بْنِ عُبَادَةَ عَنْ رَسُوْلِ اللهِ صلى الله عليه وسلم قَالَ لَهُ قُمْ عَلَى صَدَقَةِ بَنِيْ فُلاَنٍ وَانْظُرْ لاَ تَأْتِيْ يَوْمَ الْقِيَامَةِ بَبَكْرٍ تَحْمِلُهُ عَلَى عَاتِقِكَ أَوْ عَلَى كَاهِلِكَ لَهُ رُغَاءٌ يَوْمَ الْقِيَامَةِ قَالَ يَا رَسُوْلَ اللهِ اصْرِفْهَا عَنِّيْ فَصَرَفَهَا عَنْهُ ـ عَنْهُ ـ

সা'দ ইবনু উবাদাহ (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) তাঁকে বললেন, যাও অমুক গোত্রের যাকাত আদায় করে নিয়ে আস। আর মনে রেখ, কিয়ামতের দিন এমন অবস্থায় যেন প্রত্যাবর্তন না কর যে, তুমি কাঁধের উপর কিংবা পিঠের উপর উট বহন করবে য শব্দ করতে থাকবে। সা'দ (রাঃ) বললেন, হে আল্লাহর রাসূল (ছাঃ)! আমাকে এই দায়িত্ব থেকে অব্যাহতি দিন, তিনি তাঁকে অব্যাহতি দিয়ে দিলেন।[2]

ফুটনোট

- [1], ছহীহ তারগীব হা/১৮০; সিলসিলা ছহীহাহ হা/৮৫৭।
- [2]. মুসনাদে আহমাদ হা/২২৫১৪; ছহীহ তারগীব হা/৭৭৭।



• Source — https://www.hadithbd.com/books/link/?id=3293

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন